

১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)

সকল সরকারী ও বেসরকারী মেডিকেল কলেজ এর জন্য প্রযোজ্য

২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য আবেদন বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।

০১. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী যারা ইংরেজী ২০১৪ বা ২০১৫ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ইংরেজী ২০১৬ বা ২০১৭ সনে এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজী ২০১৪ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।
০২. সকল দেশী ও বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে।
০৩. সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।
০৪. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।
০৫. ১০০(একশত) নম্বরের ১০০(একশত)টি এমসিকিউ প্রশ্নের ১(এক) ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর:- জীববিদ্যা -৩০; রসায়নবিদ্যা -২৫; পদার্থবিদ্যা -২০; ইংরেজী -১৫; সাধারণ জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি -৬, আন্তর্জাতিক -৪।
০৬. ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি / সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি / সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারী মেডিকেল বা ডেন্টাল কলেজ/ ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকা তৈরি করা হবে। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধু মাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।
০৭. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে :
ক) এসএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন = ৭৫ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন = ১২৫ নম্বর (সর্বোচ্চ)
০৮. লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং অনুচ্ছেদ ০৭-এ বর্ণিত পদ্ধতিতে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা প্রনয়ণ করা হবে।
০৯. অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশাবলী www.dghs.gov.bd ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফিসের ১০০০/- (এক হাজার) টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।
১০. অনলাইনে আবেদন শুরু তারিখ : ২৪-০৮-২০১৭ খ্রিঃ, বৃহস্পতিবার (দুপুর ১২:০০ মিঃ)
১১. অনলাইনে আবেদনের শেষ তারিখ : ১৬-০৯-২০১৭ খ্রিঃ, শনিবার (রাত ১১:৫৯ মিঃ)
১২. প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড) : ৩০-০৯-২০১৭ খ্রিঃ, শনিবার হতে ০৪-১০-২০১৭ খ্রিঃ, বুধবার
১৩. ভর্তি পরীক্ষার তারিখ : ০৬-১০-২০১৭ খ্রিঃ (শুক্রবার, সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা)
১৪. MBBS ভর্তির জন্য Online ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (detail instructions for applicant) website: <http://dghs.teletalk.com.bd>, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mohfw.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।
১৫. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।
১৬. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। (Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার মূল সনদপত্র এবং সনদপত্র সমূহের সত্যায়িত কপি সাথে আনতে হবে)।
১৭. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
১৮. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com